দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...13 FEB 2016...
পৃষ্ঠা ...২৪... কলাম ...৬...

# খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ।** খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) শুক্রবার তিন দিনব্যাপী 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সিভিল ইঞ্জিনিয়ারিং ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট (আইসিসিইএসডি ২০১৬)' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। পুরকৌশল বিভাগের আয়োজনে এবং কালিন্ডি রেইল ইঞ্জিনিয়ার্স লিঃ, সেভেন রিংস সিমেন্ট ও ম্যাক্স গ্রুপের সহযোগিতায় সকাল ১০টায় কুয়েট অডিটরিয়ামে এ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠিত হয়। কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) সদস্য প্রফেসর ড. আব্দুল জব্বার খান। বিশেষ অতিথি ছিলেন মংলা পোর্ট অথরিটির চেয়ারম্যান রিয়ার এডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ ও বাংলাদেশ রেলওয়ের ডাইরেক্টর জেনারেল (ডিজি) ইঞ্জিনিয়ার আমজাদ হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা প্রদান করেন সম্মেলনের চেয়ার প্রফেসর ড. কেরামত আলী মোল্লা এবং ধন্যবাদ জ্ঞাপন করে বক্তৃতা করেন সম্মেলনের সেক্রেটারি প্রফেসর ড. আবু জাকির মোর্শেদ।

উদ্বোধনী দিনে কি-নোট সেশনে স্পীকার হিসেবে উপস্থিত ছিলেন স্টামফোর্ড ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এম. ফিরোজ আহমেদ এবং বাংলাদেশ রেলওয়ের ডিজি ইঞ্জি. মোঃ আমজাদ হোসেন। সম্মেলনে জাপান, পোল্যান্ড, চীন, ইন্ডিয়া ও বাংলাদেশের প্রায় দুই শতাধিক প্রথিতযশা গবেষক, শিক্ষক, স্বনামধন্য প্রকৌশলী ও প্রযুক্তিবিদগণসহ অন্যরা অংশগ্রহণ করেন। সম্মেলনে মোট ২টি কি-নোট সেশনসহ ২১টি টেকনিক্যাল সেশনে মোট ১৫৭টি টেকনিক্যাল পেপার উপস্থাপিত হবে।